অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

পেন স্টেশনের পুনঃউন্নয়নের মাধ্যমে আশেপাশের এলাকাকে পুনরুজ্জীবিত করার জন্য ঐতিহাসিক তহবিল প্রদানের চুক্তি PACB কর্তৃক অনুমোদিত হওয়ায় গভর্নর হোকলের অভিনন্দন জ্ঞাপন

এই গুরুত্বপূর্ণ মাইলফলক নিউ ইয়র্কবাসীদের জন্য কর বা ভাড়া বৃদ্ধি না করেই পেন স্টেশনের সংস্কার এবং জনসাধারণের ব্যবহার্য স্থান ও পরিবহনের উন্নতির জন্য তহবিল যোগান দেওয়ার জন্য গভর্নরের প্রস্তাবকে এগিয়ে নিচ্ছে

প্রকল্পটির অংশগুলোর মধ্যে রয়েছে স্টেশন পুনর্নির্মাণ এবং সম্ভাব্য সম্প্রসারণ; 708 ইউনিট পর্যন্ত সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন; প্রাণবন্ত উন্মুক্ত স্থান; এবং সড়ক, সাইডওয়াক, ও ট্রানজিট অবকাঠামো উন্নয়ন

ভোটের পরে ESD বোর্ড কর্তৃক পেন স্টেশনের সাধারণ প্রকল্প পরিকল্পনা অনুমোদিত হয়

প্রকল্পের অর্থায়ন, ব্যয়, ও ব্যয়-ভাগাভাগি সংক্রান্ত তথ্য এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ পেন স্টেশনের পুনর্নির্মাণ ও সম্ভাব্য সম্প্রসারণ এবং আশেপাশের এলাকা পুনরায় সক্রিয়করণের জন্য তার প্রস্তাবের সমর্থনে একটি আর্থিক ফ্রেমওয়ার্ক অনুমোদনের জন্য পাবলিক অথরিটিজ কন্ট্রোল বোর্ডের (Public Authorities Control Board, PACB) ভোটদানের বিষয়টির প্রশংসা করেছেন। সর্বসম্মত এই ভোট গভর্নরের পরিকল্পনা বাস্তবায়নের পথে গৃহীত একটি বৃহৎ পদক্ষেপ, যে পরিকল্পনায় একটি নতুন, আধুনিক ট্রেন স্টেশন নির্মাণ; 1,800টি পর্যন্ত আবাসিক ইউনিট নির্মাণ - কয়েক শতাধিক সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন সহ - নতুন, সর্বাধুনিক সুবিধাসম্পন্ন অফিসের জায়গা; 8 একর খোলা জায়গা; এবং সড়ক, সাইডওয়াক, ও স্থানীয় ট্রানজিট অবকাঠামোর উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এটি নিউ ইয়র্কবাসীদের উপর কর বৃদ্ধি করা অথবা ট্রানজিটের যাত্রীদের জন্য ভাড়া বৃদ্ধি করা ছাড়াই প্রকল্প সম্পন্ন করার ব্যাপারে স্টেটের অঙ্গীকারাবদ্ধতাকে নিশ্চিত করছে।

গত সপ্তাহে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)-এর পরিচালনা বোর্ড পেনসেলভেনিয়া স্টেশন এলাকার নাগরিক ও ভূমি ব্যবহার উন্নয়ন প্রকল্পের

(Pennsylvania Station Area Civic and Land Use Improvement Project) সাধারণ প্রকল্প পরিকল্পনা, পেন স্টেশন ও আশেপাশের এলাকা নিয়ে পুনরায় ভাবনার জন্য গভর্নর হোকলের রূপকল্প অনুমোদনের জন্য ভোট দিয়েছে।

"অনেক দীর্ঘ সময় ধরে পেন স্টেশন ভীড় উপচে পড়া, জনাকীর্ণ, ও অবহেলিত একটি জায়গা হয়ে ছিল। এই ভোট পেন স্টেশনকে ঠিক করে তোলা এবং আশেপাশের এলাকার রূপান্তরের জন্য আমাদের পরিকল্পনার একটি বৃহৎ মাইলফলক," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসী গর্বিত হওয়ার মতো একটি স্টেশন, নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো মানসম্মত সাশ্রয়ী আবাসন, হেঁটে চলাচলের যোগ্য সড়ক ও সাইডওয়াক, এবং ট্রানজিটের সহজ অ্যাক্সেস পাওয়ার অধিকারী। এই পরিকল্পনা এসব কিছু এবং আরো অনেক কিছু প্রদান করবে। আমি পাবলিক অথোরিটিজ কন্ট্রোল বোর্ডকে তাদের অনুমোদনের জন্য ধন্যবাদ জানাই, এবং এই প্রকল্পটি সামনে এগিয়ে নেওয়া এবং নিউ ইয়র্কের জন্য যোগ্য একটি স্টেশন প্রদান করার দিকে অগ্রসর হওয়ার এই সময়ে আমি নির্বাচিত অংশীদার, কমিউনিটির নেতৃবৃন্দ, এবং অন্য স্টেকহোল্ডারদের সাথে সম্পৃক্ততা চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

"কয়েক দশক ধরে একটি নতুন পেন স্টেশন নির্মাণের কথা শোনা যাচ্ছে, কিন্তু এখন আমাদের সামনে বিশ্বের সেরা সিটির জন্য উপযুক্ত একটি স্টেশন পৌঁছে দেওয়ার এক প্রজন্মে একবার আসার মতো একটি সুযোগ রয়েছে," **বলেছেন নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস।** "ভবিষ্যত প্রজন্মের নিউ ইয়র্কবাসীরা নতুন পেন স্টেশনটিকে নিউ ইয়র্ক যে চ্যালেঞ্জিং সময়েও বড় অর্জন নিয়ে আসতে সক্ষম তার প্রমাণ হিসেবে দেখবে। এই ঐতিহাসিক ভোটের জন্য আমি PACB-এর প্রশংসা করি, যা আমাদের সিটিতে একটি বিশ্বমানের ট্রানজিট হাব, মানসম্মত কর্মসংস্থান, এবং অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন নিয়ে আসবে। এছাড়াও আমি গভর্নর হোকল ও গভর্নর মারফিকে এবং MTA, অ্যামট্রাক (Amtrak), ও NJ ট্রানজিটে (NJ Transit) আমাদের অংশীদারদের সরকার যে 'কোনো কাজ সম্পন্ন করতে' দ্রুত ও সহযোগিতার মধ্য দিয়ে কাজ করতে পারে তা দেখিয়ে দেওয়ার জন্য ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "একটি বিশ্বমানের পেন স্টেশন এবং আশেপাশের এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য গভর্নর হোকলের রূপকল্পটি নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য দীর্ঘদিন ধরে পিছিয়ে থাকা একটি ইতিবাচক রূপান্তর। এই পরিকল্পনা শুধু যে যাত্রীদের, অধিবাসীদের, ও নিয়মিত যাতায়াতকারীদের জন্য উভয় পক্ষের জয়লাভ করার মতো একটি ব্যাপার তাই নয়, বরং এটি নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী অনুঘটক। ট্রানজিট-অভিমুখী উন্নয়ন প্রকল্প টেকসই সমৃদ্ধির একটি মডেল, এবং গত দুই বছরে এই প্রকল্প নিজেদের মতামত জানান দেওয়া এবং পরিকল্পনা উন্নত করতে সাহায্যকারী নাগরিক গোষ্ঠী ও কমিউনিটি সদস্যদের মতামতের দ্বারা শক্তিশালী হয়ে যে উন্মুক্ত, পাবলিক প্রক্রিয়ার মধ্য দিয়ে গমন করেছে তা নিয়ে আমরা গর্বিত।"

PACB-এর এই ভোট গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস এর মধ্যে স্টেশন পুনর্নির্মাণ ও সম্ভাব্য সম্প্রসারণ, গণপূর্ত উন্নয়ন, এবং ট্রানজিট অবকাঠামোর উন্নয়নে অর্থায়নের জন্য আর্থিক ফ্রেমওয়ার্ক সম্পর্কিত একটি চুক্তি নিশ্চিত করছে। সিটি যাতে সম্পত্তির

কর রাজস্ব সংগ্রহের বর্তমান ও সঙ্গতিপূর্ণ মাত্রা বজায় রাখে এই ফ্রেমওয়ার্ক সে বিষয়টি নিশ্চিত করছে এবং একইসাথে প্রকল্পের আংশিক তহবিল যেন বেসরকারি উন্নয়ন প্রকল্প থেকে আসে সে বিষয়টি আবশ্যক করছে। এই চুক্তির অংশ হিসেবে, সিটি ও স্টেট পেন স্টেশন পাবলিক রেলম টাস্ক ফোর্সের (Penn Station Public Realm Task Force) সাথে সমন্বয় করে গণপূর্ত উন্নয়ন তত্ত্বাবধানের জন্য একটি যৌথ সিটি-স্টেট উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠা করতে অঙ্গীকারবদ্ধ হয়েছে।

গত নভেম্বরে গভর্নর হোকল একটি নতুন যাত্রীদের অগ্রাধিকারসম্পন্ন, বিশ্বমানের পেন স্টেশন এবং আশেপাশের এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য একটি বিস্তৃত রূপকল্প ঘোষণা করেন যা কমিউনিটির চাহিদাগুলো প্রতিফলিত করে এবং পাবলিক ট্রানজিট ও গণপূর্ত উন্নয়নের প্রতি জোর দেয়। গভর্নরের পরিকল্পনায় বিদ্যমান স্টেশনের পুনর্নির্মাণকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং একই সময়ে স্টেশন সম্প্রসারণ ও গেটওয়ে হাডসন টানেল প্রকল্প (Gateway Hudson Tunnel Project) - যেগুলোর উভয়টির প্রতি গভর্নরের সমর্থন রয়েছে - সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এই পরিকল্পনার অধীনে নিউ ইয়র্কবাসীরা যা প্রত্যাশা করতে পারেন:

- একটি আধুনিক, এক-লেভেলবিশিষ্ট, দ্বিগুণ উচ্চতার ট্রেন স্টেশন যা নতুন পাবলিক লেভেলটিতে যাত্রীদের চলাচলের জায়গা প্রায় 123,000 বর্গফুট থেকে দ্বিগুণ বৃদ্ধি করে প্রায় 250,000 বর্গফুটে উন্নীত করছে।
- 1800টি পর্যন্ত আবাসিক ইউনিট (যার মধ্যে 708, বা প্রায় 40 শতাংশ ইউনিট হবে সাশ্রয়ী বা সহায়তামূলক আবাসন);
- 8 একর প্রাণবন্ত খোলা জায়গা।
- অধিকতর প্রশস্ত সাইডওয়াক, পথচারী-বান্ধব শেয়ারকৃত সড়ক, পথচারীদের জন্য নতুন প্লাজা, এবং সুরক্ষিত বাইক লেন।
- 34 স্ট্রিট-হেরাল্ড স্কয়ারকে পেন স্টেশনের সাথে সংযুক্তকারী নতুন আন্ডারগ্রাউন্ড করিডর দিয়ে পেন স্টেশনে প্রায় দ্বিগুণ সংখ্যক প্রবেশপথ।
- গৃহহীনতার সম্মুখীন হওয়া লোকজন এবং মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা এবং এর পাশাপাশি ঘটা ডিজঅর্ডারে আক্রান্ত ব্যক্তিদের সহায়তার জন্য সামাজিক পরিষেবার একটি সম্মিলন।

জুন মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে পেন স্টেশন পুনর্নির্মাণ প্রকল্প নকশা প্রণয়নের ধাপে প্রবেশ করেছে এবং নতুন পেন স্টেশনের প্রস্তাবিত নকশা আহবানের ঘোষণা দেন। শরতকালে পুরস্কারগুলি ঘোষণা করা হবে বলে প্রত্যাশা করা হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) কর্তৃক আয়োজিত 100টিরও বেশি পাবলিক মিটিং সহ দুই বছর ধরে চলমান কমিউনিটির সম্পৃক্ততা এবং আশেপাশের এলাকার জনগণের মতামত ও সুপারিশ বিবেচনার জন্য এক বছর ধরে জনসাধারণের মতামত সংগ্রহ করার পরে গভর্নর হোকলের এই পরিকল্পনা সামনে এসেছে। চূড়ান্ত পরিকল্পনাটি স্থানীয় কর্মকর্তা, কমিউনিটি সদস্য, নাগরিক সংগঠন, এবং অন্য স্টেকহোল্ডারদের প্রত্যক্ষ সাড়াদানের ফলাফল।

এই প্রকল্প সম্পর্কে বাড়তি তথ্য, যেমন প্রকল্পের অর্থায়ন, প্রত্যাশিত ব্যয়, ব্যয়-ভাগাভাগি, এবং বেসরকারি উন্নয়ন প্রকল্প থেকে আসা রাজস্ব সম্পর্কিত বাড়তি তথ্য ESD-এর ওয়েবসাইটেপাওয়া যাবে।

আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশন (Regional Plan Association)-এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার টম রাইট বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে এই অঞ্চলের যাত্রীরা এবং নিউ ইয়র্কবাসীরা 20 শতকের পরিকল্পনার সব খারাপ দিক: বিনিয়োগের অভাব, উদাসীনতা এবং দুর্বল শহুরে নকশার একটি প্রতীক - পেন স্টেশনের কারণে অপমানিত হয়ে আসছেন। পেন অ্যাক্সেস ও গেটওয়ে উভয়টি সামনে এগিয়ে যাওয়ার মাধ্যমে আরো বেশি যাত্রী, উদ্যমতা ও সংযুক্তি নিয়ে আসার এই সময়ে, গভর্নর হোকলের দৃঢ় নেতৃত্ব এবং মেয়র অ্যাডামসের সঙ্গে অংশীদারিত্বের কল্যাণে পেন স্টেশন সংস্কার ও সম্প্রসারণের কাজ সামনে এগিয়ে যাওয়ার পথে একটি বৃহৎ পদক্ষেপ সম্পন্ন হতে দেখে আমরা আনন্দিত। নির্বাচিত কর্মকর্তা, কমিউনিটি সদস্য ও স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের ফলে জনসাধারণ পরিকল্পনাটিতে উল্লেখযোগ্য উন্নয়ন জিতে নিয়েছে যার মধ্যে 700টিরও বেশি নতুন সাশ্রয়ী আবাসন ইউনিট, গণপূর্ত উন্নয়নের অঙ্গীকার, এবং বাণিজ্যিক ঘনত্ব কমিয়ে আনা অন্তর্ভুক্ত রয়েছে। এখনো আমাদের অনেক দীর্ঘ পথ পাড়ি দিতে হবে, কিন্তু এই পরিকল্পনা পেন স্টেশন এবং আশেপাশের ডিস্ট্রিক্টের উল্লেখযোগ্য উন্নয়নের কাজ শুরু করেছে যা আগামী কয়েক দশকব্যাপী যাত্রীদের, ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে এবং অধিবাসীদের উপকৃত করবে।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটি (Partnership for New York City)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যাথরিন উইল্ড বলেন, "পেন স্টেশন পুনর্নির্মাণের জন্য বহু প্রতীক্ষিত পরিকল্পনার প্রথম পর্যায়ের অনুমোদন নিউ ইয়র্কের মহামারী-পরবর্তী পুনরুজ্জীবিতকরণের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গভর্নর, মেয়র এবং স্টেট আইনসভার মধ্যে সহযোগিতা এই সাফল্যকে সম্ভব করেছে এবং আমাদের পরিবহন অবকাঠামোর অব্যাহত আধুনিকীকরণ এবং আমাদের অর্থনৈতিক বিকাশের জন্য এটি একটি আশাব্যঞ্জক দৃষ্টান্ত।"

অ্যাসোসিয়েশন ফর এ বেটার নিউ ইয়র্ক (Association for a Better New York) এর চিফ এক্সিকিউটিভ অফিসার মেলভা এম. মিলার বলেন, "আমরা নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ এবং গভর্নর হোকলের পুনরুজ্জীবিত পেন স্টেশনের পরিকল্পনা আমাদেরকে এটি অর্জনের দ্বারপ্রান্তে নিয়ে যাচ্ছে। সাধারণ প্রকল্প পরিকল্পনাটি কেবল লক্ষ লক্ষ মানুষের জন্য যাতায়াত ব্যবস্থার উন্নতিই করবে না - বরং সেইসাথে নিউ ইয়র্কবাসীদের জন্য জীবনযাত্রার আরো ভালো মান সরবরাহ করবে - এটি শহরের সাশ্রয়ী মূল্যের আবাসনের সংখ্যা বৃদ্ধি করবে এবং অর্থনৈতিক ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করবে। সরকারি ও বেসরকারি খাত থেকে সুচিন্তিত মতামতের মাধ্যমে, এই পরিকল্পনা নিউ ইয়র্ককে সবার জন্য বসবাস, কাজ ও পর্যটনের জন্য আরো ভালো স্থানে পরিণত করার জন্য আমাদের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।"

বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অব গ্রেটার নিউ ইয়র্ক (Building and Construction Trades Council of Greater New York)-এর প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "আজকের দিনটি পেন স্টেশনকে আধুনিকীকরণ ও পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে আরো

একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে, এটি এমন একটি প্রকল্প যা কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য বেনিফিটসহ হাজার হাজার মধ্যবিত্ত ক্যারিয়ার তৈরি করবে এবং শহরের দীর্ঘমেয়াদী সামাজিক ও অর্থনৈতিক প্রত্যাবর্তনের জন্য প্রভাবক হিসেবে কাজ করবে। আমরা গভর্নর হোকল এবং মেয়র এরিক অ্যাডামসকে এই প্রকল্পের প্রতি তাদের প্রবল আন্তরিকতার জন্য প্রশংসা করি এবং এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি এগিয়ে নেওয়ার ক্ষেত্রে তাদের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ। আমাদের সদস্যরা ইন্ডাস্ট্রি ব্যাপী স্টেকহোল্ডারদের এবং আমাদের অংশীদারদের সাথে কাজ করার জন্য আগ্রহী, যাতে পেন স্টেশনকে এমন একটি অনুকরণীয় ও কার্যকর ট্রানজিট হাবে রূপান্তর করা যায় যা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য এবং সত্যিই গর্ব করার মতো।"

নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস (New York Building Congress)-এর প্রেসিডেন্ট ও CEO ক্যারল এ. সিসুরা বলেন, "আজকের ভোটের মাধ্যমে, নিউ ইয়র্কবাসীদের একটি সম্পূর্ণ নতুন প্রজন্ম পুনরুজ্জীবিত পেন স্টেশনের সুবিধা ভোগ করবে। এটি আমাদের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অবকাঠামোগত অগ্রাধিকারের মধ্যে একটি - একটুও বাড়িয়ে বলছি না। এবং কমিউনিটির জোরালো মতামতের জন্য ধন্যবাদ, পরিকল্পনাটি জনসাধারণের জন্য আরো বেশি সুবিধা প্রদান করবে, যার মধ্যে রয়েছে আরো সাশ্রয়ী মূল্যের আবাসন, জনসাধারণের ব্যবহার্য স্থানগুলোর আরো উন্নতি, আরো পরিষেবা এবং কম ঘন বসতি। হাজার হাজার নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এবং সমগ্র অঞ্চলের জন্য পুনর্গঠিত পেন স্টেশন এবং পার্শ্ববর্তী কমিউনিটি যে অর্থনৈতিক উন্নয়ন নিয়ে আসবে তা বলাই বাহুল্য। এখন আসুন কাজ শুরু করি এবং ভবিষ্যতের জন্য নির্মাণ করি"

ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ পেইন্টার্স অ্যান্ড অ্যালাইড ট্রেডস (International Union of Painters and Allied Trades)-এর ডিস্ট্রিক্ট কাউন্সিল 9 এরবিজনেস ম্যানেজার এবং সেক্রেটারি ট্রেজারার জোসেফ অ্যাজোপার্ডি বলেন, "আমরা পেন স্টেশন আপগ্রেড এবং এর আশেপাশের এলাকা পুনর্নির্মাণের মাধ্যমে নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য সাধুবাদ জানাই। এই পরিকল্পনাগুলো কেবল নিউ ইয়র্ক সিটির এই বিশিষ্ট অঞ্চলটিকেই গড়ে তুলবে না বরং ভালো বেতনের এবং ক্যারিয়ারের জন্য টেকসই ইউনিয়নের চাকরি তৈরি করবে। আমরা নিউ ইয়র্ককে পুনরুজ্জীবিত করতে এবং অনেক নিউ ইয়র্কবাসীর জন্য মধ্যবিত্ত অবস্থানে উন্নীত হবার পথ তৈরি করার ক্ষেত্রে ডিস্ট্রিক্ট কাউন্সিল 9 একত্রে কাজ করতে আগ্রহী।"

32BJ এর প্রেসিডেন্ট কাইল ব্রাগ বলেন, "নিউ ইয়র্কবাসীরা একটা বিষয়ে একমত যে বর্তমান পেন স্টেশন একটা জগাখিচুড়ির মতো। আজ পেন স্টেশনের জন্য একটি নতুন অধ্যায় শুরু হয়েছে এবং নিউ ইয়র্ককে তার প্রাপ্য স্টেশনের আরো এক ধাপ কাছাকাছি নিয়ে এসেছে। পেন স্টেশন প্রকল্পে তার দৃষ্টিভঙ্গি নিয়ে আসার জন্য এবং আলোচনায় শ্রমিকদের মতামতের সুযোগ সর্বদা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক সিটি এবং ভিসিনিটি ডিস্ট্রিক্ট কাউন্সিল অফ কার্পেন্টার্স এর এক্সিকিউটিভ সেক্রেটারি-ট্রেজারার জোসেফ গেইগার বলেন, "কয়েক দশকের অবহেলার জন্য নিউ ইয়র্ক সিটির অবকাঠামোতে আগের চেয়ে অনেক বেশি এককালীন বিনিয়োগ প্রয়োজন। গভর্নর হোকলের পরিকল্পনা সেই বাধ্যবাধকতা এবং আরো বেশি কিছু পূরণ করে। সবচেয়ে গুরুত্বপূর্ণ

বিষয় হলো, এমন একটি সময়ে এটি হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন চাকরি এবং আরো বেশি শিক্ষানবিশির সুযোগ তৈরি করবে যখন আমাদের এটি সবচেয়ে বেশি প্রয়োজন। আজ থেকে কয়েক বছর পরে, যখন লোকজন জিজ্ঞেস করবে, 'নিউ ইয়র্ক কিভাবে তার মধ্যবিত্ত শ্রেণিকে পুনর্নির্মাণ করতে শুরু করেছিল?' এটাই হবে সেই মুহূর্ত যার দিকে তারা ইঙ্গিত করবে।"

লেবারার্স লোকাল 79 (Laborers' Local 79)-এর বিজনেস ম্যানেজার মাইকেল প্রহাস্কা বলেন, "পেন স্টেশন ঠিক করার এই পরিকল্পনাটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি পরিকল্পনা, এবং এটিকে এগিয়ে যেতে দেখে আমরা রোমাঞ্চিত৷ গভর্নর হোকলকে ধন্যবাদ, এই প্রকল্পটি অবশেষে যাত্রীদের একটি নতুন এবং উন্নত পেন স্টেশন দিবে এবং আশেপাশের এলাকায় স্বস্তির নিঃশ্বাস নিয়ে আসবে - সবই ইউনিয়ন শ্রমিকদের সহায়তায়। আমরা গভর্নর, স্থানীয় এবং স্টেট কর্মকর্তাদের সাথে এবং আমাদের শ্রমিক ভাই ও বোনদের সাথে মিলে পেন স্টেশন গড়ে তোলার জন্য কাজ করার অপেক্ষায় রয়েছি যার জন্য নিউ ইয়র্কবাসীরা গর্ব করবে।"

34th স্ট্রিট পার্টনারশিপের প্রেসিডেন্ট ড্যান বিডারম্যান বলেন, "সিটি ও স্টেটের পাইলট চুক্তির অনুমোদনের কারণে 34th স্ট্রিট পার্টনারশিপ রোমাঞ্চিত। গভর্নরের পরিকল্পনার মাধ্যমে সম্ভাব্য উন্নতিগুলো প্রবেশযোগ্যতা বৃদ্ধি করে এবং রাস্তার অবস্থার উন্নতি করার মাধ্যমে স্টেশন এবং এর আশেপাশের যাত্রীদের অভিজ্ঞতাকে রূপান্তরিত করবে, যা নিউ ইয়র্ককে একটি আধুনিক পরিবহন হাব দেওয়ার জন্য আজীবনের একটি সুযোগ যা নিউ ইয়র্কের প্রাপ্য। ময়নিহান ট্রেন হল, ম্যানহাটন ওয়েস্ট, পেন 1 এবং পেন 2 এর সাম্প্রতিক উন্নতির সাথে সাথে, পেন স্টেশনের আশেপাশের অঞ্চলটি ইতোমধ্যে রূপান্তরিত হচ্ছে এবং আমরা গভর্নর হোকল ও PACB-কে এই সাহসী রূপকল্পের অংশ হিসেবে এই প্রকল্পটি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাদের নেতৃত্বের প্রশংসা করি।"

নিউ ইয়র্ক রিয়েল এস্টেট বোর্ডের প্রেসিডেন্ট জেমস হুইলান বলেন, "এই পরিকল্পনা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের প্রাপ্য আধুনিক পেন স্টেশন দেবে - এবং এটি নিউ ইয়র্ক সিটিকে প্রতিযোগিতামূলক রাখে এমন একটি গতিশীল, বসবাস-চাকরি-খেলাধুলা করার ডিস্ট্রিক্টকে সমর্থন করার জন্য উন্নত মানের অফিস স্পেস, অত্যন্ত প্রয়োজনীয় আবাসন এবং গণপূর্ত উন্নয়নের সঠিক মিশ্রণ সরবরাহ করবে। আমরা গভর্নর হোকল এবং পাবলিক অথরিটি কন্ট্রোল বোর্ডকে এই লক্ষ্যকে বাস্তবে পরিণত করতে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য প্রশংসা করি এবং আমরা নিউ ইয়র্কবাসীদের সম্প্রসারিত ট্রানজিট হাব, নতুন সাশ্রয়ী মূল্যের ও সহায়ক আবাসন এবং এর সাথে সম্পর্কিত পরিবার চালানোর উপযোগী প্রচুর চাকরি উপভোগ করতে দেখার জন্য আগ্রহী।"

নিউ ব্রঙ্কস চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট লিসা সোরিন বলেন, "আজকের ভোট কর্মরত নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার উন্নতির দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বছরের পর বছর ধরে, পেন স্টেশনের অপ্রতুলতার কারণে ব্রঙ্কসবাসীরা জনাকীর্ণ ট্রেন ও বিলম্বের সম্মুখীন হয়েছে এবং ভাড়া হারিয়েছে। GPP-এর মাধ্যমে, কম ভীড়, উন্নত প্রবেশযোগ্যতা, নতুন ইন্টারমোডাল সংযোগ এবং একটি রূপান্তরিত পার্শ্ববর্তী অঞ্চলের সাথে সকল পরিবর্তন যাতায়াতের

অভিজ্ঞতাকে ব্যাপকভাবে উন্নত করবে। নতুন পেন সমতা, অ্যাক্সেস কেন্দ্রিক হবে এবং হাজার হাজার ব্রঙ্কসবাসীর জীবনযাত্রার মান উন্নত করবে যারা প্রতিদিন এর উপর নির্ভর করে।"

কুইন্স চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার টমাস গ্রেচ বলেন, "কুইন্সের প্রাচীনতম এবং বৃহত্তম ব্যবসায়িক সংস্থার পক্ষ থেকে, আমি গভর্নর ক্যাথি হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট টিমকে পেন স্টেশনকে একটি কমিউটার-ফার্স্ট, বিশ্বমানের ট্রানজিট হাবে রূপান্তরিত করার জন্য তাদের দৃষ্টিভঙ্গির প্রশংসা করি। পাবলিক অথরিটি কন্ট্রোল বোর্ডের আজকের ভোট এই দৃষ্টিভঙ্গিকে বাস্তবে পরিণত করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের কর্মীদের জন্য নির্ভরযোগ্য গণপরিবহনের সুযোগ নিশ্চিত করা আমাদের শহর, স্টেট এবং আঞ্চলিক অর্থনীতির ভবিষ্যতের জন্য অত্যাবশ্যক। আমরা গভর্নর হোকলের সাথে কাজ করা অব্যাহত রাখতে আগ্রহী, যাতে নিউ ইয়র্কের ব্যবসা-বাণিজ্য প্রবৃদ্ধি, উন্নতি লাভ এবং নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান তৈরি করার বিষয়টি নিশ্চিত করতে পারে।"

গ্রেটার জ্যামাইকা ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Greater Jamaica Development Corporation) প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার জাস্টিন রজার্স বলেন, "ডাউনটাউন জ্যামাইকা এবং সাউথইস্ট কুইন্সের যাত্রীদের জন্য, পেন স্টেশন সবসময় মিডটাউনে যেকোনো যাত্রার জন্য একটি বাধা হয়ে দাঁড়ায়। গভর্নর হোকলের রূপান্তরমূলক GPP গ্রহণ করার জন্য আজকের ভোট - একটি কমিউটার-ফার্স্ট দৃষ্টিভঙ্গি যা আরো টেকসই এবং দক্ষ স্টেশন ও ডিস্ট্রিক্ট তৈরি করার জন্য কমিউনিটি গ্রুপ ও নির্বাচিত কর্মকর্তাদের কাছ থেকে মতামতের মাধ্যমে সতর্কতার সাথে তৈরি করা হয়েছে। এই উন্নতিগুলো সাউথইস্ট কুইন্সে যাতায়াতের সময় হ্রাস করে আমাদের কমিউনিটিকে সরাসরি উপকৃত করবে, আমাদের জীবনমান উন্নত করবে এবং পুরো শহরের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করবে।"

লং আইল্যান্ডের হেলথ অ্যান্ড ওয়েলফেয়ার কাউন্সিলের (Health and Welfare Council) চিফ এক্সিকিউটিভ অফিসার রেবেকা সানিন বলেন, "আজ, নিউ ইয়র্কবাসীরা আমাদের দেশের ব্যস্ততম ট্রানজিট হাবে একটি রূপান্তরমূলক বিনিয়োগ পাওয়ার এক ধাপ কাছাকাছি এগিয়ে এসেছে। বিশেষ করে বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশযোগ্যতার ক্ষেত্রে পেন স্টেশন দীর্ঘকাল ধরে অত্যন্ত অনুপযুক্ত। কাজ, বিনোদন, চিকিৎসা সেবা, শিক্ষা ও সুযোগের জন্য যাতায়াতকারী সকলের জন্য লং আইল্যান্ড ও NYC-এর মধ্যে প্রবেশযোগ্যতা উন্নত করতে এবং পারস্পরিক অর্থনৈতিক উন্নতির জন্য গভর্নর হোকল পেন স্টেশনের জন্য যে বহুল প্রয়োজনীয় মানোন্নয়নের প্রস্তাব করেছেন সে ব্যাপারে আমি রোমাঞ্চিত।"

অ্যাসোসিয়েশন ফর এ বেটার লং আইল্যান্ডের (Association for a Better Long Island) এক্সিকিউটিভ ডিরেক্টর কাইল স্ট্রোবার বলেন, "গভর্নর যা করছেন তা কেবল পেন স্টেশনকে এমন কিছুতে পুনর্নির্মাণ ও পুনরুজ্জীবিত করার একটি ঐতিহাসিক প্রচেষ্টা হিসেবে বর্ণনা করা যেতে পারে যা নিয়ে যাত্রী, ভ্রমণকারী এবং সকল নিউ ইয়র্কবাসী গর্ব করতে পারে। আক্ষরিক অর্থেই আগামী প্রজন্মগুলোর জন্য এই অঞ্চল সুফল নিয়ে আসবে। পেন স্টেশন আধুনিকায়ন এবং দক্ষতার সাথে পুনরায় কনফিগার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে এটি বিশ্বের অর্থনৈতিক রাজধানী হিসেবে টিকে থেকে 21 শতকের একটি শহরের চাহিদা পূরণ করতে পারে।

লং আইল্যান্ডবাসীরা যেমন এই প্রকল্প থেকে নিশ্চিতভাবে উপকৃত হবেন, একইভাবে নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের ভবিষ্যতও এটি থেকে উপকৃত হবে।"

লং আইল্যান্ড আঞ্চলিক পরিকল্পনা কাউন্সিলের (Long Island Regional Planning Council) চেয়ারম্যান জন ক্যামেরন বলেন, "এই ভোট হাজার হাজার লং আইল্যান্ডবাসীর জন্য একটি বড় জয় যারা প্রতিদিন পেন স্টেশনের মাধ্যমে যাতায়াত করেন। নতুন LIRR কনকোর্সের সঙ্গে মিলিত হয়ে, পুনরুজ্জীবিত পেন স্টেশন লং আইল্যান্ডবাসীদের আরো নিরবচ্ছিন্ন যাতায়াত নিশ্চিত করবে। স্টেকহোল্ডারদের কাছ থেকে গুরুত্বপূর্ণ মতামতের জন্য ধন্যবাদ, পার্শ্ববর্তী ডিস্ট্রিক্ট আগের চেয়ে নিরাপদ, আরো প্রাণবন্ত এবং যাতায়াত-বান্ধব ট্রানজিট হাব হবে। এটাই সেই ভবিষ্যৎ যা লং আইল্যান্ডবাসীদের প্রাপ্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418